# জুলাই সনদ বাস্তবায়নে দেরি মানে অভ্যুত্থানের সঙ্গে বিশ্বাসঘাতকতা: তাহের



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, জুলাই সনদ দ্রুত বাস্তবায়ন না হলে তা অভ্যুত্থানের সঙ্গে বিশ্বাসঘাতকতার সমান হবে। তিনি বলেন, জামায়াত সনদের মূলনীতি ও লক্ষ্যকে সমর্থন করে, তবে এর আইনি ভিত্তি এখনো সম্পূর্ণ হয়নি।

জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের সতর্ক করে বলেছেন, "দীর্ঘ আলোচনার মাধ্যমে প্রণীত জুলাই সনদ দ্রুত বাস্তবায়ন না হলে, তা হবে অভ্যুত্থানের চেতনার সঙ্গে বিশ্বাসঘাতকতা।" তিনি মনে করেন, বিলম্ব হলে দেশের রাজনৈতিক পরিস্থিতি আবারও অস্থিতিশীল হয়ে উঠতে পারে।

শুক্রবার (১৭ অক্টোবর) সংসদ ভবন এলাকায় সনদ স্বাক্ষর অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। তাহের বলেন, "জুলাই সনদের সঙ্গে জামায়াত সম্পূর্ণভাবে একমত, যদিও এর আইনি কাঠামো এখনো গঠিত হয়নি। আমরা মূলত রাজনৈতিক সদিচ্ছা ও ঐক্যের প্রতীক হিসেবে তাতে স্বাক্ষর করেছি।"

তিনি আরও বলেন, "আমরা প্রধান উপদেষ্টার প্রতি আস্থা রাখি। আশা করি তিনি তার প্রতিশ্রুতি রক্ষা করবেন এবং নতুন করে কোনো রাজনৈতিক হেজিমনি বা সংকট সৃষ্টি করবেন না।"

LENS ASIA